27

দৈনিক বাংলা

তারিখ 22 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

# কৃষি ভার্সিটিতে ধর্মঘট পালিত

বিসিএস (কৃষি প্রকৌশল) ক্যাডার বাস্তবায়ন ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগদানের দাবিতে মঙ্গলবার কৃষি বিশ্ববিদ্যালয়ে অর্ধদিবস ধর্মঘট পালিত হয়েছে। ধর্মঘট চলাকালে ক্লাস ও পরীক্ষা হয়নি। ঢাকার সঙ্গে উত্তরবঙ্গের ট্রেন চলাচল বন্ধ ছিল।

কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল ও কারিগরী অনুষদের ছাত্রছাত্রীদের আহবানে এই ধর্মঘট পালিত হয়। কৃষি প্রকৌশলীদের কর্মসংস্থানের দাবিতে দীর্ঘদিন থেকে ছাত্ররা আন্দোলন করে আসছে।

ধর্মঘট চলাকালে আয়োজিত এক সমাবেশে বক্তাগণ সুষ্ঠু সেচ ব্যবস্থাপনা, কৃষি যান্ত্রিকীকরণ, শস্য সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণে কৃষি প্রকৌশলীদের মেধা ও দক্ষতাকে কাজে লাগানোর আহবান জানান।